

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৬০

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩২. মহিলাদের হায়িযকালীন সময়ের পরিধেয় কাপড় ধোয়া

باب الْمَرْأَةِ تَغْسِلُ ثَوْيَهَا الَّذِي تَلْبَسُهُ فِي حَيْضِهَا

আরবী

حَدَّ ثَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ النُّفَيْلِيُّ، حَدَّ ثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ، عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ قَالَتْ: سَمِعْتُ امْرَأَةً، تَسْأَلُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَيْفَ تَصْنَعُ إِحْدَانَا بِتَوْبِهَا إِذَا رَأْتِ الطُّهْرَ أَتُصلِّي فِيهِ؟ قَالَ: " تَنْظُرُ فَإِنْ رَأَتْ فِيهِ دَمًا فَلْتَقْرُصنْهُ بِشَيْءٍ مِنْ مَاءٍ وَلْتَنْضَحْ مَا لَمْ تَرَ وَلْتُصلِّي فِيهِ ".

_ حسن صحيح

বাংলা

৩৬০। আসমা বিনতু আবৃ বকর (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি এক মহিলাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিজ্ঞেস করতে শুনেছি, পবিত্র হওয়ার পর (হায়িযকালীন) কাপড় আমরা কি করব? তাতে কি সালাত আদায় করা যাবে? তিনি বললেনঃ তা দেখে নিবে। তাতে রক্ত লেগে থাকলে সামান্য পানি দিয়ে রক্ত খুঁটে ফেলে পানি ছিটিয়ে রক্তের স্থান ধুয়ে ফেলবে যেন রক্তের চিহ্ন না থাকে। অতঃপর সেটা পরিধান করে সালাত আদায় করবে।[1]

হাসান সহীহ।

English

Asma' daughter of Abu Bakr said:

I heard a woman asking the Messenger of Allah (ﷺ): What should any of us to with her clothe (in which she menstruated) when she becomes purified? Can she pray in that (clothe)? He said: She should see; if she finds blood in it, she should scratch it with some water and (in case of doubt) sprinkle upon



it (some water) and pray so long as she does not find (any blood).

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উযু, অনুঃ রক্ত ধোয়া, হাঃ ২২৭, এবং অনুঃ হায়িযের রক্ত ধোয়া, হাঃ ৩০৭), মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ রক্তের অপবিত্রতা এবং তা ধোয়ার নিয়ম) উভয়ে ফাতিমাহ বিনতুল মুন্যির সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন